

রাজশাহী আঞ্চলিক তথ্য অফিস তথ্য অধিদফতরের (Press Information Department) অধীন একটি অফিস। গণমাধ্যমকর্মীদের কাছে অফিসটি PID নামেই বেশি পরিচিত। এটি সরাসরি তথ্য অধিদফতর নিয়ন্ত্রণ করে থাকে। এ অফিসের কার্যক্রম শুরু হয় ১৭ জুন ১৯৮২ সালে। এ অফিসের সাংগঠনিক কাঠামোতে অনুমোদিত পদ রয়েছে ৩৫টি। অফিস প্রধানের পদবী হচ্ছে উপ-প্রধান তথ্য অফিসার। পদটি পরিচালক পদমর্যাদার। এছাড়াও তথ্য ক্যাডারের আরও ৩টি ও দ্বিতীয় শ্রেণির ৩টি কর্মকর্তার পদ রয়েছে। বিভিন্ন পদে কর্মচারীর পদ রয়েছে ২৫টি। প্রথম দিকে স্বল্প পরিসরে অফিসের কার্যক্রম শুরু হলেও বর্তমানে অফিসটি আধুনিক প্রযুক্তি ব্যবহার করে দ্রুততম সময়ে অত্যন্ত সুষ্ঠু ও সুন্দরভাবে সেবা প্রদান করে আসছে। এ অফিসের প্রধান কাজ হচ্ছে প্রেসট্রেন্ড, পেপার ক্লিপিংস, সরকারি গুরুত্বপূর্ণ অনুষ্ঠান ও ভিভিআইপিদের নিউজ কাভারেজ (তথ্য বিবরণী), ফটোকভারেজ।